দৈনিক সংবাদ

তারিখ ... 07 JUL 1991 ...
পৃষ্ঠা ... ... কলাম ...

## শিক্ষামন্ত্রী সমীপে

আমি ১৯৫২ সালে "বিরিশিরি (নেত্রকোনা) প্রাথমিক শিক্ষা প্রশিক্ষণ কেন্দ্র" (রোল ২২, ২য় বিভাগ) হতে প্রশিক্ষণ গ্রহণ করেছিলাম। উক্ত প্রশিক্ষণের সনদপত্র (certificate) বর্তমানে আবশ্যক হওয়াতে গ্রহণ করি; কিন্তু তৎকালে ঢাকা রেঞ্জের (ডি, ডি, পি, আই, ফরিদপুর স্কোয়ার, মালিবাগ, ঢাকা) অধীনে উক্ত কেন্দ্রের কার্যাদি পরিচালিত হতো এবং উক্ত (ডি, ডি, পি, আই) বিভাগের দু'জনের (পদাধিকারবলে সভাপতি ও বিদ্যালয় পরিদর্শকের) স্বাক্ষর প্রয়োজন হতো। কিন্তু বর্তমানে স্বাক্ষর দেয়ার ক্ষেত্রে জটিলতা এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠিত (১৯৮১) হওয়ার পর হতে উক্ত সনদপত্রে স্বাক্ষর দেয়া বন্ধ রয়েছে। এতে আমরা যারা চাকরি হতে অব্যাহতি (Retirement) পেয়েছি তারা নানাবিধ সমস্যার সম্মুখীন হচ্ছি। বর্তমানে এই বিষয়টি ১২৯, কলাবাগানস্থ ঢাকা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে ফাইলবদ্ধ রয়েছে। অতএব শিক্ষামন্ত্রীর নিকট অনুরোধ এবং অনুগ্রহ প্রার্থনা করছি যে, স্বাক্ষরহীন অজস্র সনদপত্রের স্বাক্ষরদানের ব্যবস্থা ত্বরান্বিত করে আমাদেরকে শিক্ষকতা-পরবর্তী অবসর জীবনযাপনের ব্যবস্থা সহজতর করা হোক।

সঞ্জয় কুমার বিশ্বাস,
(প্রাথমিকশিক্ষক)
গ্রাঃ+পোঃ আল্লাহরদর্গা
দৌলতপুর, কুষ্টিয়া।

14